অ্যাডভোকেটদের জন্য নোট: এই ফ্লায়ারটি কমিউনিটির জন্য তৈরি সংস্করণের community-facing version সহায়ক উপকরণ হিসেবে তৈরি করা হয়েছে এবং এটি অ্যাডভোকেটদের অতিরিক্ত দিকনির্দেশনা দেয়, যাতে তারা "Know Your Rights" সম্পর্কিত তথ্য ভাষাগত এবং/অথবা প্রতিবন্ধকতাজনিত সীমাবদ্ধতা থাকা কমিউনিটি সদস্যদের কাছে সহজভাবে ব্যাখ্যা করতে পারেন। এতে অতিরিক্ত প্রেক্ষাপট, আলোচনা বিষয় এবং কৌশল অন্তর্ভুক্ত রয়েছে, যাতে অ্যাডভোকেটরা তথ্যগুলো সঠিক, সহজলভ্য এবং সবার জন্য বোধগম্য উপায়ে উপস্থাপন করতে পারেন।

# ভাষাগত এবং/অথবা প্রতিবন্ধকতার কারণে যদি আমি ইমিগ্রেশন কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে না পারি তাহলে কী করব?

একটি "রেড কার্ড" বা অন্য কোনো "Know Your Rights" কার্ড ব্যবহার করে আপনার নীরব থাকার অধিকার প্রয়োগ করুন। মনে রাখবেন, আপনি যা বলবেন তা আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে। সবসময় শান্ত থাকার চেষ্টা করুন। দৌড়ে পালাবেন না বা আতঙ্কিত হবেন না। আপনি কিছু না বলেও একটি "রেড কার্ড" বা অন্য কোনো "Know Your Rights" কার্ড দেখিয়ে আপনার অধিকার দাবি করতে পারেন।

কার্ড প্রিন্ট করতে ভিজিট করুন: ilrc.me/protect

এগুলো দেখতে এমনঃ

মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অধীনে আমার ৫ম সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনার সাথে কথা বলতে, আপনার প্রশ্নের উত্তর দিতে, অথবা আপনাকে কোনো নথিতে স্বাক্ষর করতে বা হস্তান্তর করতে ইচ্ছুক নই।
মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের অধীনে আমার ৪র্থ সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনাকে আমার বাড়িতে প্রবেশের অনুমতি দিচ্ছি না, যদি না আপনার কাছে প্রবেশের জন্য কোনো পরোয়ানা থাকে, যা কোনো বিচারক বা ম্যাজিস্ট্রেট দ্বারা স্বাক্ষরিত এবং তাতে আমার নাম লেখা আছে, এবং যা আপনি দরজার নিচ দিয়ে ভেতরে ঢুকিয়ে দেন।
আমার ৪র্থ সংশোধনীর অধিকারের ভিত্তিতে আমি আপনাকে আমার কোনো জিনিসপত্র তল্লাশি করার অনুমতি দিচ্ছি না।
আমি আমার সাংবিধানিক অধিকার প্রয়োগ করতে চাই।
এই কার্ডগুলো নাগরিক এবং অনাগরিক উভয়ের জন্যই উপলব্ধ।

I do not wish to speak with you, answer your questions, or

sign or hand you any documents based on my 5th Amendment rights under the United States Constitution.

I do not give you permission to enter my home based on my 4th Amendment rights under the United States Constitution unless you have a warrant to enter, signed by a judge or magistrate with my name on it that you slide under the door.

I do not give you permission to search any of my belongings based on my 4th Amendment rights.

I choose to exercise my constitutional rights.

*These cards are available to citizens and noncitizens alike.*

**অ্যাডভোকেটদের জন্য নোট:** সম্প্রদায়ের সদস্যদের কাছে তুলে ধরুন যে পঞ্চম সংশোধনী মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে থাকা প্রত্যেককে নীরব থাকার অধিকার দেয়। মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে থাকা প্রত্যেকেই মৌখিকভাবে অথবা একটি রেড কার্ড বা অন্য কোনো 'আপনার অধিকার জানুন' কার্ড ব্যবহার করে এই অধিকার প্রয়োগ করতে পারেন। আপনি ilrc.me/protect থেকে রেড কার্ডগুলো সংগ্রহ করে সম্প্রদায়ের জন্য তৈরি ফ্লায়ারে উপরের গ্রাফিকটি আপডেট করতে এবং এর পরিবর্তে উপযুক্ত ভাষা ব্যবহার করতে পারেন। সম্প্রদায়ের সদস্যদের মনে করিয়ে দিন যে তাদের বলা যেকোনো কথা তাদের বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে এবং এখন অভিবাসন কর্মকর্তারা তাদের ভাষা, জাতিগত পরিচয় এবং তাদের অবস্থানকে তাদের বিরুদ্ধে ব্যবহার করতে পারে, তাই কোনো অভিবাসন কর্মকর্তার মুখোমুখি হলে রেড কার্ড বা অন্য কোনো 'আপনার অধিকার জানুন' কার্ড ব্যবহার করাই শ্রেয়। যদি সময় থাকে, আপনি ব্যাখ্যা করতে পারেন যে এটি সুপ্রিম কোর্টের একটি সাম্প্রতিক সিদ্ধান্তের কারণে হয়েছে, যেখানে বিচারপতি কাভানাহ অভিবাসন প্রক্রিয়ায় জাতিগত প্রোফাইলিংকে বৈধতা দিয়ে একটি সম্মতিসূচক মতামত লিখেছেন।

**ইমিগ্রেশন এজেন্টদের সাথে আপনার যে ধরনের কথোপকথন হতে পারে, তার কয়েকটি উদাহরণ নিচে দেওয়া হলো:**

| | | |
|---|---|---|
| **জনসম্মুখে:** ইমিগ্রেশন কর্মকর্তারা আপনার কাছে এসে আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস সম্পর্কে জানতে চাইতে পারেন। | **কর্মক্ষেত্রে:** অভিবাসন কর্মকর্তারা আপনার কর্মস্থলে আসতে পারেন। | **বাড়িতে:** অভিবাসন কর্মকর্তারা আপনাকে গ্রেপ্তার করতে বা আপনার বাড়ি তল্লাশি করতে আপনার বাড়িতে প্রবেশ করতে চাইতে পারেন। |

**আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, নীরব থাকার অধিকার প্রয়োগ করুন। তবে, যদি আপনি প্রশ্নের উত্তর দিয়ে বা প্রশ্ন করে "নীরবতা ভাঙার" সিদ্ধান্ত নেন, তাহলে আপনি নিম্নলিখিত যেকোনোটি করতে পারেন:**

- একজন দোভাষী বা প্রয়োজনীয় সহায়তা (accommodations) চাইতে পারেন।
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** এই অনুরোধটি মৌখিক বা সাইন ল্যাঙ্গুয়েজ দোভাষীর জন্য হতে পারে, অথবা অন্য সহায়তার জন্য হতে পারে—যেমন ধীরে কথা বলা বা সহায়ক প্রযুক্তি ব্যবহার করা—যাতে কমিউনিটি সদস্য কার্যকর ও অর্থপূর্ণভাবে যোগাযোগ করতে পারেন।
- একজন আইনজীবী চাইতে পারেন।
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন, কমিউনিটি সদস্য অতিরিক্ত কোনো প্রশ্নের উত্তর দেওয়ার আগে সবসময় একজন আইনজীবী চাওয়ার অধিকার রাখেন।
- জনসম্মুখে জিজ্ঞাসা করুন, "আমি কি যেতে পারি?"
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** ব্যাখ্যা করুন যে যদি ইমিগ্রেশন কর্মকর্তা বলেন "আপনি যেতে পারেন" বা "আপনি গ্রেপ্তার নন" অথবা "আপনাকে আটক করা হয়নি", তাহলে ধীরে ও শান্তভাবে সেখান থেকে চলে যেতে হবে। এর অর্থ হলো কর্মকর্তার কাছে তাকে থামিয়ে রাখা বা গ্রেপ্তার করার যথেষ্ট কারণ নেই। কমিউনিটি সদস্যদের মনে করিয়ে দিন যেন তারা ধীরে ও শান্তভাবে চলে যান, যাতে কর্মকর্তারা আবার তাদের থামানোর কোনো অজুহাত না পান।
- বাড়িতে থাকলে, তাদের চলে যেতে বলুন।
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** ব্যাখ্যা করুন যে যদি তারা বাড়িতে থাকেন এবং ইমিগ্রেশন কর্মকর্তাদের কাছে বৈধ ওয়ারেন্ট না থাকে এবং তারা ঘরে প্রবেশের অনুমতি না পেয়ে থাকে, তাহলে তাদের চলে যেতে বলা যেতে পারে। এ অবস্থায় তারা প্রশ্নের উত্তর দেওয়া বন্ধ করতে পারেন।
- বৈধ অবস্থানের প্রমাণ দেখান।
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** যদি কোনো কমিউনিটি সদস্যের বৈধ ইমিগ্রেশন স্ট্যাটাস থাকে, তাহলে তারা চাইলে তার প্রমাণ দেখাতে পারেন। ব্যাখ্যা করুন যে সব ধরনের স্ট্যাটাস এক নয় এবং সব স্ট্যাটাস সমান সুরক্ষা দেয় না। আদর্শভাবে, প্রত্যেকের উচিত নিজের পরিস্থিতি অনুযায়ী কী সবচেয়ে ভালো তা জানার জন্য একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞের সাথে পরামর্শ করা। সাধারণত, প্রশ্নের উত্তর না দিয়ে নীরব থাকার অধিকার প্রয়োগ করাই উত্তম।
- নীরব থাকার অধিকার পুনরায় প্রয়োগ করুন — আপনি যেকোনো সময় এটি করতে পারেন।
  - **অ্যাডভোকেটদের জন্য নোট:** ব্যাখ্যা করুন যে কেউ যদি আগে কোনো প্রশ্নের উত্তর দিয়েও থাকেন, তবুও পরে আবার নীরব থাকার অধিকার দাবি করতে পারেন। একইভাবে, কেউ যদি প্রথমে নীরব থাকার অধিকার প্রয়োগ করার পর কিছু প্রশ্নের উত্তর দেন এবং পরে আবার নীরব থাকতে চান, তাহলে তারা সরাসরি বলতে পারেন যে তারা তাদের অধিকার প্রয়োগ করছেন, অথবা একটি "রেড কার্ড" বা অন্য কোনো "Know Your Rights" কার্ড দেখাতে পারেন।

---

**যদি আপনাকে আটক করা হয়:**

- আপনার এমন ভাষা ও পদ্ধতিতে তথ্য ও যোগাযোগ পাওয়ার অধিকার রয়েছে যা আপনি বুঝতে পারেনঃ
    - একজন দোভাষী (মৌখিক বা সাইন ল্যাঙ্গুয়েজ) চাওয়ার অধিকার রয়েছে।
    - অনূদিত নথিপত্র চাওয়ার অধিকার রয়েছে।
    - প্রতিবন্ধিতার জন্য যুক্তিসঙ্গত সহায়তা (reasonable accommodations) চাওয়ার অধিকার রয়েছে।
    - আদালতে আপনাকে অবশ্যই একজন দোভাষী এবং/অথবা প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।
    - প্রতিটি ধাপে, যদি আপনি দোভাষী বা নথিপত্র বুঝতে না পারেন, তাহলে যথাসাধ্য বোঝানোর চেষ্টা করুন যে আপনি বুঝতে পারছেন না।
- আপনি যা বুঝতে পারেন না, তাতে সম্মতি দেবেন না বা স্বাক্ষর করবেন না!

**অ্যাডভোকেটদের জন্য নোট:** কমিউনিটি সদস্যদের মনে করিয়ে দিন যে তারা আটক হলে উপরোক্ত এক বা একাধিক পদক্ষেপ নিতে পারেন। এসব পদক্ষেপ গ্রহণ করলেও ইমিগ্রেশন কর্মকর্তারা তাদের অনুরোধ মানবে—এমন নিশ্চয়তা নেই। তবে, তারা যে এই অনুরোধগুলো করেছিলেন, তা পরবর্তীতে আদালতের কার্যক্রমে সহায়ক হতে পারে।

---------------------------------------------------------------------------------------------------------------

**এটা সম্ভব যে ইমিগ্রেশন কর্তৃপক্ষ আপনার অনুরোধ সত্ত্বেও দোভাষী, অনূদিত নথিপত্র বা যুক্তিসঙ্গত সহায়তা প্রদান নাও করতে পারে। তবুও, এসব অনুরোধ করা গুরুত্বপূর্ণ, কারণ পরবর্তীতে আপনার মামলায় আটক অবস্থা থেকে মুক্তি পাওয়া বা বহিষ্কারের বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে এগুলো সহায়ক হতে পারে।**

## রিসোর্সসমূহঃ

- **দ্রুত সহায়তা হটলাইন (Rapid Response Hotlines):**
  আপনার এলাকার স্থানীয় দ্রুত সহায়তা নেটওয়ার্ক খুঁজতে এবং ইমিগ্রেশন কার্যক্রম রিপোর্ট করতে ভিজিট করুন: https://www.ccijustice.org/carrn
    - অ্যাডভোকেটদের জন্য নোট: কমিউনিটির জন্য তৈরি ফ্লায়ারে আপনার স্থানীয় দ্রুত সহায়তা হটলাইনের তথ্য যুক্ত করতে পারেন, যাতে কমিউনিটি সদস্যরা সহজে স্থানীয় সহায়তা পেতে পারেন।

- **অভিবাসী পরিবারগুলোর জন্য আঞ্চলিক নেটওয়ার্ক হাব (Regional Network Hubs for Immigrant Families):**
  আপনার আঞ্চলিক হাব খুঁজতে এবং আইনি সেবা প্রদানকারী, শিক্ষা ও তথ্যের সাথে সংযুক্ত হতে ভিজিট করুন: https://www.ilrc.org/regional-network-hubs
    - অ্যাডভোকেটদের জন্য নোট: কমিউনিটির জন্য তৈরি ফ্লায়ারে আপনার আঞ্চলিক হাবের তথ্য যুক্ত করতে পারেন, যাতে সদস্যরা সহজে স্থানীয় আঞ্চলিক সহায়তা পেতে পারেন। এছাড়াও স্থানীয় অলাভজনক সংস্থা এবং বিশ্বস্ত ব্যক্তিগত আইনজীবীদের যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করতে পারেন।

- প্রতিবন্ধী অভিবাসীদের জন্য আরও বিস্তারিত আইনি সহায়তা পেতে দেখুন Disability Rights Education and Defense Fund এর: "Know Your Rights: Reasonable Accommodations in Immigration Procedures and Proceedings" https://dredf.org/kyr-ras-immigration-procedures-and-proceedings/ এবং "Frequently Asked Questions: Disability, Immigration, and Encounters with ICE" https://dredf.org/faqs-disability-immigration-and-encounters-with-ice/

অভিবাসন আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের মুখোমুখি হওয়ার সময় ভাষা ও প্রতিবন্ধিতা-বিষয়ক সমতার দাবিতে আমাদের বৈচিত্র্যময় অভিবাসী সম্প্রদায়ের প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে—অনুবাদ-সহায়তার জন্য 'South Asian Network (SAN)' -এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে—এই ডাউনলোডযোগ্য নির্দেশিকাগুলো তৈরি করা হয়েছে। এই উদ্যোগের সাথে যুক্ত ছিল the Immigrant Legal Resource Center (ILRC), California Rural Legal Assistance Inc. (CRLA), Legal Aid Foundation of Los Angeles (LAFLA), Chinese for Affirmative Action (CAA), এবং Asian Resources Inc. (ARI)

*Last updated 4/21/2026*